

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০ ১৩

সোনামুড়া, ০৪ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
দক্ষিণ পাহাড়পুর বিদ্যালয়ে প্রশাসনিক শিবির

কাঁঠালিয়া রাজ্যের দক্ষিণ পাহাড়পুর দ্বাদশশ্রেণী বিদ্যালয়ে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রায় দ্বিতীয় প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ১৮ জন গর্ভবতী ও প্রসূতি মাকে পোষণ কিটস দেওয়া হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ১৭ জন কৃষকের কাছ থেকে কেসিসি লোন এবং কিষাণ সম্মাননিধি যোজনায় সুবিধা প্রদান করার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। বন্দপ্তির থেকে ৬৮ জনকে বিভিন্ন গাছের চারা, স্বাস্থ্য দপ্তর থেকে ৯৭ জন রোগীকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধপত্র দেওয়া হয়। এছাড়াও সোনামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে এদিন ৯১ টি পিআরটিসি, ৪৪ টি ইনকাম, ৮ টি ওবিসি, ১৪ টি এসটি, ৪ টি এসসি সার্টিফিকেট এবং ৬ টি বিবাহ নিবন্ধীকরণ সার্টিফিকেট প্রদান করার জন্য আবেদনপত্র জমা রাখা হয়েছে। এদিন প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে ১১ পরিবারের গৃহ পালিত পশু-পাখির বিভিন্ন রোগ প্রতিরোধ বিষয়ে উষ্ণ দেওয়া হয়।

\*\*\*\*\*